রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, সেপ্টেম্বর ১৬, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৩০ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/১৪ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪০.০০.০০০০.০১৬.৩৪.০০৪.১৪-৪৮**—বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ৩২৪ এর উপ-ধারা (১) ও (২) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে (১) "Coats Bangladesh Ltd" ফৌজদারহাট ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, সাগরিকা রোড, চট্টগ্রাম এবং (২) "Coats Bangladesh Ltd" প্লট নং-৭৬০,৭৬১ বাংলাবাজার, ডাকঘর-ভাওয়াল মির্জাপুর, রাজেন্দ্রপুর, গাজীপুর এ পরিচালিত কারখানাসমূহকে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ১০০, ১০২, ১০৩, ১০৫ এবং ১১৪(১) এর প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল:—

**শর্তাবলি:**

১। কোন শ্রমিককে দিয়ে সপ্তাহে ৬০ (ষাট) ঘন্টার বেশি কাজ করানো যাইবে না।

২। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে।

৩। প্রত্যেক শ্রমিককে পর্যায়ক্রমে প্রতি সপ্তাহে ০১ (এক) দিন করিয়া সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে।

৪। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে।

৫। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও শ্রম বিধিমালা- ২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

**এ,টি,এম সাইফুল ইসলাম**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd



মূল্য ঃ টাকা ৪.০০